

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ(জিপি-পিপি শাখা)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং-সলিসিটর/জিপি-পিপি(মেহেরপুর)-৫০/২০২৪ (অংশ-১)-২১৬

তারিখ: ০২/১২/২০২৪ খ্রি.

শ্রেরক : সানা মোঃ মাহরুফ হোসাইন
উপ সলিসিটর (জিপি-পিপি)

প্রাপক : জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর।

বিষয়: মেহেরপুর জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর জনাব মুস্তাফিজুর রহমান তুহিন-এর নিয়োগ আদেশ বাতিলকরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর-এর স্মারক নং-০৫.৪৪.৫৭০০.০১২.১১.০০৬.২৪-১০৬৯, তারিখ: ২১/১১/২০২৪ খ্রি. এর পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের নব নিয়োগপ্রাপ্ত পাবলিক প্রসিকিউটর জনাব মুস্তাফিজুর রহমান তুহিন, পিতা-মৃত মফিজুর রহমান-এর বিরুদ্ধে দায়েরকৃত জিআর ৪২৯/২০২২(মেহেরপুর) মামলায় তাঁর বিরুদ্ধে দস্তবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারা তৎসহ ২০১২ সালের পর্ণোগ্রাফি নিয়ন্ত্রণ আইনের ৮(১)/৮(২)/৮(৩)/৮(৪) ধারায় অভিযোগপত্র দাখিল হয়েছে। তিনি এ মামলায় গ্রেফতার হয়ে বর্তমানে জামিনে আছেন। রাষ্ট্রের স্বার্থ সমুন্নত রাখাসহ বিচার বিভাগের প্রতি জনগণের আস্থা বজায় রাখার জন্য এ ধরণের স্পর্শকাতর মামলার আসামিকে পাবলিক প্রসিকিউটরের মতো গুরুত্বপূর্ণ পদে বহাল রাখা সমীচীন না হওয়ায় এ বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের নং-সলিসিটর/জিপি-পিপি(মেহেরপুর)-৫০/২০২৪(অংশ-১)-২০৩ স্মারকমূলে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মেহেরপুর-এর পাবলিক প্রসিকিউটর পদে প্রদত্ত তাঁর নিয়োগসংক্রান্ত আদেশটুকু বাতিলপূর্বক তাঁকে উক্ত পদ হতে অব্যাহতি দেওয়া হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা./
(সানা মোঃ মাহরুফ হোসাইন)
উপ সলিসিটর (জিপি-পিপি)
ফোন- ৫৫১১০৩৮৯

নং-সলিসিটর/জিপি-পিপি (মেহেরপুর)-৫০/২০২৪ (অংশ-১)-২১৬

তারিখ: ০২/১২/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা ও দায়রা জজ, মেহেরপুর।
- ২। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, মেহেরপুর।
- ২। উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পাবলিক প্রসিকিউটর, জেলা ও দায়রা জজ আদালত, মেহেরপুর।
- ৫। জনাব মুস্তাফিজুর রহমান তুহিন, পাবলিক প্রসিকিউটর, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (অব্যাহতিপ্রাপ্ত), মেহেরপুর।
- ৬। সলিসিটরের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। গার্ড ফাইল।

সানা মোঃ মাহরুফ হোসাইন
২/১২/২০২৪
(সানা মোঃ মাহরুফ হোসাইন)
উপ-সলিসিটর (জিপি-পিপি)